নভেম্বরের প্রথমার্ধেই তপশিল ঘোষণা : ইসি সচিব

চেম্বার ডেস্ক : নির্বাচন কমিশন (ইসি) সচিব মো. জাহাংগীর আলম বলেছেন, নভেম্বরের প্রথমার্ধে তপশিল ঘোষণা হবে। প্রথমার্ধের দিন যেহেতু সামনে আছে, তাই আপনারা অপেক্ষা করুন।

সোমবার (১৩ নভেম্বর) নির্বাচন কমিশন ভবনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি।

সচিব বলেন, নির্বাচন কমিশন (ইসি) বলেছেন, নভেম্বরের প্রথমার্ধে তপশিল ঘোষণা হবে। প্রথমার্ধের দিন যেহেতু সামনে আছে, তাই আপনারা অপেক্ষা করুন। এই বিষয়ে আমরা পত্রিকায় বিস্তারিত প্রকাশ করব।

নভেম্বর মাসের প্রথমার্ধের আর মাত্র দুই দিন বাকি আছে। ইসি সচিবের বক্তব্য অনুসারে আগামী বুধবার (১৫ নভেম্বর) অথবা বৃহস্পতিবার (১৬ নভেম্বর) নির্বাচনের তপশিল ঘোষণার সম্ভাবনা রয়েছে।

প্রসঙ্গত, আগামী জাতীয় সংসদ নির্বাচনের ভোটার সংখ্যা ১১ কোটি ৯৬ লাখ ৯১ হাজার ৬৩৩ জন। আর ভোটকেন্দ্র রয়েছে ৪২ হাজার ১০৩টি। ডিসেম্বরের শেষ থেকে আগামী বছরের জানুয়ারির প্রথম সপ্তাহে সংসদ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।